মুজিবনগরে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

“ইন্টারনেটে আসক্তির ক্ষতি”এই স্লোগানকে সামনে রেখে, মুজিবনগরে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৭ম বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধায়নে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্যে দিয়ে এ মেলার শুভ উদ্বোধন করেন। পরে মেলার স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ এর সভাপতিত্বে উক্ত উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

উপজেলা ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড মেলায় নতুন নতুন উদ্ভাবনী বৈজ্ঞানিক প্রযুক্তি নিয়ে উপজেলার কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় মিলে মোট ১৮ টি স্টল অংশ নিয়েছে। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

মেহেরপুরের এসপি রাফিউল আলম পিপিএম পদকে ভূষিত

গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয়

অবদানের জন্য “রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)”-সেবা” পদেক ভূষিত হলেন মেহেরপুরের পুলিশ সুপার মো” রাফিউল আলম।

আজ মঙ্গলবার রাজধানীর মেট্রোপলিটন রাজারবাগ পুলিশ লাইনস ময়দানে পুলিশ সেবা সপ্তাহ উদ্বোধনী অনুষ্ঠানে তাঁকে এ পদক পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

একই সঙ্গে দেশের ১১৫ সদস্যকে সাহসিকতার পুরস্কার হিসেবে বিপিএম ও পিপিএম পদক প্রদান করা হয়।

মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলম পিপিএম পদকে ভূষিত হওয়ায় জেলা পুলিশের সকল কর্মকর্তারা তাঁকে অভিনন্দন জানিয়েছেন। মেহেরপুর প্রতিদিন পরিবারের পক্ষ থেকেও অভিনন্দন জানিয়েছেন সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

নতুন মন্ত্রীপরিষদ সচিব মাহবুব হোসেন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. মাহবুব হোসেন মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি বর্তমান মন্ত্রিপরিষদ সচিব কবির বিন আনোয়ারের স্থলাভিষিক্ত হচ্ছেন।

মঙ্গলবার (৩ জানুয়ারি) এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রজ্ঞাপনে নতুন দায়িত্ব দিয়ে মাহবুব হোসেনকে মন্ত্রিপরিষদ বিভাগে বদলির আদেশ জারি করা হয়েছে।

এর আগে, গত ১০ ডিসেম্বর পানিসম্পদ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কবির আনোয়ারকে গত মন্ত্রিপরিষদ সচিব করা হয়। মোহাম্মদ খন্দকার আনোয়ারুল ইসলাম অবসরে গেলে দায়িত্ব পান তিনি। ৪ জানুয়ারি বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় নিয়ম অনুযায়ী তিনি অবসরে যাচ্ছেন।

এক প্রজ্ঞাপনে জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে, সরকারি চাকরি আইনের ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ৩ জানুয়ারি তারিখ থেকে কবির বিন আনোয়ারকে সরকারি চাকরি থেকে অবসর দেওয়া হলো। তিনি ১৮ মাসের মূল

বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) পাবেন এবং বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধা পাবেন।

প্রসঙ্গত, কবির বিন আনোয়ার ১৯৮৮ সালে সহকারী কমিশনার হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগ দেন। ২০১৮ সালে তিনি জ্যেষ্ঠ সচিব হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব পান। এর আগে তিনি উপসচিব হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এবং অতিরিক্ত সচিব হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মহাপরিচালক (প্রশাসন) পদে কাজ করেছেন।

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

উন্নয়ন সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়ব সমাজসেবায়’ এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস-২০২৩ পালন করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসন ও সমাজসেবা অফিসের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বণার্ঢ্য র্যালি বের হয়। র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নে সমাজসেবা অধিদপ্তরের বিশেষ গুরুত্ব ভূমিকা রয়েছে। সমাজের পিছিয়ে পড়া মানুষের সার্বক্ষণিক সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান এবং তাদের উন্নতির জন্য সার্বিক ভাবে কাজ করে যাচ্ছে সমাজসেবা অধিদপ্তর। বর্তমান সরকার দেশের দুস্থ, দরিদ্র, অসহায় শিশু, প্রতিবন্ধী, কিশোর-কিশোরী, স্বামী পরিত্যক্ত নারী ও প্রবীণ

ব্যক্তিসহ সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বৃদ্ধিসহ বিভিন্ন ভাতা প্রবর্তন করেছে।

তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের দুস্থ ও অসহায় মানুষের সেবা নিশ্চিতকল্পে কল্যাণমুখি বিভিন্ন কর্মসূচি চালু করেন।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ জেলা-উপজেলা সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী।

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস পালিত

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আলোচনা সভা, র্যালী, সহায়ক উপকরন ও পুরস্কার বিতরণ করা হয়।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনাতনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা পরিষদের চেয়ারম্যান

অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন।

এছাড়াও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক বক্তব্য রাখেন।

আলোচনার পরে জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে ৫০ জন প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র, সহায়ক উপকরন ও সমাজসেবা দপ্তরের কর্মকর্তাদের মাঝে সম্মাননা ক্রেস্ট,পুরস্কার,সুবর্ণ কাট ও মোটরসাইকেল প্রদান করা হয়।

আলোচনার আগে জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিন করে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে শেষ হয়।

মেট্রোরেলের প্রথম যাত্রী প্রধানমন্ত্রী, চালকের আসনে আফিজা

স্বপ্ন থেকে স্পর্শের আঙ্গিনায় এখন মেট্রোরেল। চাইলেই ধরা যাবে। আজ উদ্বোধনের মধ্যদিয়ে সেই কল্পনা বাস্তবে রূপ নিচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ খুলে দেবেন কাঙ্ক্ষিত দুয়ার।

শুরুর আনুষ্ঠানিকতা শেষ করে প্রধানমন্ত্রী নিজেই হবেন প্রথম যাত্রী। এদিন প্রথম টিকিট কেটে মেট্রোরেলে চড়ে উত্তরা দিয়াবাড়ী থেকে আগারগাঁও আসবেন প্রধানমন্ত্রী। ওই ট্রেনের চালক হিসেবে থাকবেন মরিয়ম আফিজা।

ঢাকায় মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার দায়িত্বে থাকা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) ব্যবস্থাপনা পরিচালক

(এমডি) এম এ এন সিদ্দিক এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, মেট্রোরেল চালানোর জন্য পর্যাপ্ত সংখ্যক চালক নিয়োগ করা হয়েছে। যাদের মধ্যে পাঁচ-ছয়জন নারী চালকও আছেন। এরই মধ্যে আমরা চালকদের প্রশিক্ষণ শেষ করেছি।

উদ্বোধন কেন্দ্র করে দিয়াবাড়ী থেকে আগারগাঁও পর্যন্ত পুরো এলাকা ঢেকে ফেলা হয়েছে নিরাপত্তা চাদরে।

জানা গেছে, ঢাকার যানজট নিরসনে মেট্রোরেল নির্মাণের সিদ্ধান্ত নেয় সরকার। সে লক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) গঠন করা হয়। এই কোম্পানির মাধ্যমে প্রথম প্রকল্প হিসাবে নেওয়া হয় ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট লাইন-৬।

যা এমআরটি-৬ নামে পরিচিত। প্রকল্পটি উত্তরার দিয়াবাড়ী থেকে কমলাপুর পর্যন্ত। এই প্রকল্পের দৈর্ঘ্য ২১ দশমিক ২৬ কিলোমিটার। আজ উত্তরা থেকে আগারগাঁও অংশের উদ্বোধন।

এই অংশের দৈর্ঘ্য ১১ দশমিক ৭৩ কিলোমিটার। ১০ মিনিট অন্তর চলবে এই ট্রেন। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত কোনো স্টেশনে না থেমে পৌঁছাতে সময় লাগবে ১০ মিনিট এবং স্টেশনগুলোতে থেমে থেমে পৌঁছাতে সময় লাগবে ১৭ মিনিট।

প্রাথমিক পর্যায়ে সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চলবে। ট্রেনে নারীদের জন্য আলাদা কোচের ব্যবস্থা রয়েছে। এছাড়া প্রতিবন্ধীদের চলাচলের জন্য স্কেলেটর, লিফটের ব্যবস্থা রাখা হয়েছে। কেউ অসুস্থ হলে সেখান প্রাথমিক চিকিৎসাও দেওয়া যাবে।

সূত্র: যুগান্তর

২০২২: সাংস্কৃতিক অঙ্গনে

বিষাদ!

আর মাত্রয় কয়েকদিন। আসবে নতুন বছর ২০২১। বিদায়ের দ্বারপ্রান্তে ২০২২। বিনোদন জগতের জন্য এ বছরটি ছিল বেশ ঘটনাবহুল। বছরজুড়ে স্টারদের বিভিন্ন চাঞ্চল্যকর ঘটনা শিরোনামে উঠে এসেছে। সেই সঙ্গে ২০২২ সাল ছিলো বিষাদের। এবছর দেশের কয়েকজন অভিনেতা- অভিনেত্রীকে হারিয়েছে দেশে।

মাসুম আজিজ
ক্যানসারের পাশাপাশি দীর্ঘদিন ধরে হার্টের সমস্যায়ও ভুগছিলেন একুশে পদকপ্রাপ্ত অভিনয়শিল্পী, নাট্যকার মাসুম আজিজ। অবশেষে ১৭ অক্টোবর বিকেলে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। ১৮ অক্টোবর বেলা ১১টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনারে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়া এই অভিনেতাকে শেষ শ্রদ্ধা জানানো হয়। শ্রদ্ধা নিবেদন শেষে তাকে পাবনার ফরিদপুর উপজেলার নিজ বাড়িতে নেওয়া হয়। সেখানেই মায়ের পাশে মাসুম আজিজের দাফন সম্পন্ন হয়।

গাজী মাজহারুল আনোয়ার
গীতিকার, চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক গাজী মাজহারুল আনোয়ার ৪ সেপ্টেম্বর সকাল সাড়ে ৬টায় মারা গেছেন। এদিন সকাল ১০টায় তার মরদেহ কেন্দ্রীয় শহীদ মিনারে নেওয়া হয়। সেখানে রাষ্ট্রীয় সম্মাননা গার্ড অব অনার দেওয়া হয়। দুপুরে দিকে শ্রদ্ধা জানাতে মরদেহ নেওয়া হয় এফডিসিতে। সেখানে তাকে শেষবারের মতো শ্রদ্ধা জানান তার সহকর্মী ও প্রিয় মানুষেরা। এরপর গুলশানের আজাদ মসজিদে জানাজা শেষে বনানী কবরস্থানে দাফন করা হয়। পরদিন সন্ধ্যা ৬টা ২০ মিনিটে রাজধানীর বনানীতে তার দাফন সম্পন্ন হয়।

গাজী মাজহারুল আনোয়ার দীর্ঘ ছয় দশক ধরে বেতার, টেলিভিশন ও সিনেমাসহ বিভিন্ন মাধ্যমে প্রায় ২০ হাজারের বেশি গান রচনা করেছেন। গীতিকবিতায় অবদান রাখার জন্য ২০০২ সালে একুশে পদক লাভ করেন তিনি। এছাড়া পাঁচবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন অসংখ্য কালজয়ী গানের এই গীতিকার। তার লেখা উল্লেখযোগ্য গানের মধ্যে রয়েছে ‘গানেরই খাতায় স্বরলিপি লিখে’, ‘আকাশের হাতে আছে একরাশ নীল’, ‘শুধু গান গেয়ে পরিচয়’, ‘ও পাখি তোর যন্ত্রণা’, ‘ইশারায় শীষ দিয়ে’, ‘চোখের নজর এমনি কইরা’, ‘এই মন তোমাকে দিলাম’, ‘চলে আমার সাইকেল হাওয়ার বেগে’। এছাড়া তার লেখা কালজয়ী

গানগুলো হলো ‘জয় বাংলা, বাংলার জয়’, ‘আছেন আমার মোক্তার আছেন আমার ব্যারিস্টার’, ‘একতারা তুই দেশের কথা বল রে এবার বল’, ‘একবার যেতে দে না আমার ছোট্ট সোনার গাঁয়’ প্রভৃতি।

আলম খান
বাংলা গানের কিংবদন্তি সুরকার ও সংগীত পরিচালক আলম খান চলে গেছেন ৮ জুলাই বেলা ১১টায়। দীর্ঘ ক্যারিয়ারে তিনি অসংখ্য কালজয়ী গান সৃষ্টি করেছেন। তিনি একাধারে গীতিকার, সুরকার ও সংগীত পরিচালক ছিলেন। আলম খান তার ক্যারিয়ারে ছয়বার জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হয়েছেন। এর মধ্যে পাঁচবার পেয়েছেন শ্রেষ্ঠ সংগীত পরিচালক হিসেবে এবং একবার শ্রেষ্ঠ সুরকার হিসেবে।

আলম খানের গান সৃষ্টির মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- ‘হায়রে মানুষ রঙিন ফানুস দম ফুরাইলে ঠুস’, ‘আমি রজনীগন্ধা ফুলের মতো গন্ধ বিলিয়ে যাই’, ‘ডাক দিয়াছেন দয়াল আমারে’, ‘কি জাদু করিলা পিরিতি শিখাইলা’, ‘তুমি যেখানে আমি সেখানে’, ‘সবাই তো ভালবাসা চায়’, ‘ভালবেসে গেলাম শুধু’, ‘চাঁদের সাথে আমি দেবো না তোমার তুলনা’, ‘আমি একদিন তোমায় না দেখিলে’, ‘তেল গেলে ফুরাইয়া’, ‘আমি তোমার বধূ তুমি আমার স্বামী’, ‘জীবনের গল্প বাকি আছে অল্প’, ‘মনে বড় আশা ছিল’, ‘সাথীরে যেও না কখনো দূরে’, ‘বেলি ফুলের মালা পরে’, ‘কাল তো ছিলাম ভাল’, ‘চুমকি চলেছে একা পথে’, ‘ভালবাসিয়া গেলাম ফাঁসিয়া’, ‘তুমি কি এখন আমারই কথা ভাবছো’, ‘আকাশেতে লক্ষ তারা চাঁদ কিন্তু একটাইরে’ ইত্যাদি।

শর্মিলী আহমেদ
৮ জুলাই সকাল সাড়ে ১০টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে না ফেরার দেশে চলে যান ঢাকাই সিনেমার বরেণ্য অভিনেত্রী শর্মিলী আহমেদ। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর। মঞ্চ, টিভি ধারবাহিক, খণ্ড নাটক ও চলচ্চিত্রের জনপ্রিয় এই অভিনেত্রীর অভিনয় জীবন শুরু হয় মাত্র চার বছর বয়স থেকে। সেই থেকে প্রায় চারশোটি নাটক ও দেড়শোটি চলচ্চিত্রে অভিনয় করেছেন তিনি। অভিনয় জীবনে মঞ্চ, টিভি ও চলচ্চিত্রের বৈচিত্র্যপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন তিনি। সাবলীল অভিনয়ের মাধ্যমে সহজেই জিতে নিয়েছেন দর্শকের মন।

কে জি মোস্তফা
৮ মে রাত ৮টার দিকে আজিমপুরে নিজ বাসায় শেষ নিশ্বাস ত্যাগ করেন গীতিকার ও সাংবাদিক কে জি মুস্তাফা। ৯ মে বাদ জোহর কে জি মোস্তফার মরদেহ জাতীয় প্রেস ক্লাবে নেওয়া হয়। সেখানে জানাজা

শেষে আজিমপুর কবরস্থানে তার দাফন করা হয়। ১৯৬০ সাল থেকে চলচ্চিত্র, রেডিও এবং টেলিভিশনে তার লেখা প্রচুর গান প্রচারিত হয়। হাজার গানের গীতিকার কে জি মুস্তাফার সিনেমার গানগুলোর জন্যও জনপ্রিয়।

আজিজুর রহমান
১৫ মার্চ ১১টা ৫৫ মিনিটে কানাডার টরন্টোর একটি হাসপাতালে চিকিৎসাধীন মারা যান বর্ষীয়ান চলচ্চিত্র নির্মাতা আজিজুর রহমান। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮১ বছর। দীর্ঘদিন যাবৎ তিনি শ্বাসকষ্ট ও বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। শেষ এক বছর কৃত্রিম অক্সিজেন ছাড়া চলতে পারতেন না। ২০ মার্চ তার মরদেহ দেশে এসে পৌঁছায়। শহীদ মিনার, এফডিসিতে শ্রদ্ধা ও জানাজা শেষে ২১ মার্চ বগুড়ার সান্তাহারের কলসা গ্রামে মা আবেজান বেগমের কবরে চিরনিদ্রায় শায়িত হবেন তিনি।

আজিজুর রহমান ৫৪টি চলচ্চিত্র নির্মাণ করেছেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো ‘ছুটির ঘণ্টা’, ‘অশিক্ষিত’, ‘মাটির ঘর’, ‘জনতা এক্সপ্রেস’, ‘সাম্পানওয়ালা’, ‘ডাক্তার বাড়ি’, ‘গরমিল’ ও ‘সমাধান’ ইত্যাদি।

আকবর
ডায়াবেটিস ও কিডনি জটিলতায় ভুগে ১৩ নভেম্বর দুপুরে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন কণ্ঠশিল্পী আকবর। ১৪ নভেম্বর দুপুর ২টার দিকে যশোর শহরতলীর সুজালপুরে গ্রামের বাড়িতে মায়ের কবরের পাশে আকবরকে শায়িত করা হয়।

২০০৩ সালে যশোর এমএম কলেজের একটি অনুষ্ঠানে গান গেয়েছিলেন আকবর। সেই গান শুনে মুগ্ধ হয়ে বাগেরহাটের এক ব্যক্তি হানিফ সংকেতের ম্যাগাজিন অনুষ্ঠান ‘ইত্যাদি’তে চিঠি লিখে এই গায়কের কথা জানান। এরপর ‘ইত্যাদি’ কর্তৃপক্ষ আকবরের সঙ্গে যোগাযোগ করে। ওই বছর ‘ইত্যাদিতে’ কিশোর কুমারের ‘একদিন পাখি উড়ে’ গানটি আলোচনায় নিয়ে আসে আকবরকে। পরে প্রথম মৌলিক গান ‘তোমার হাতপাখার বাতাসে’ তুমুল জনপ্রিয়তা এনে দেয় আকবরকে।

রাইমা ইসলাম শিমু
১৭ জানুয়ারি সকাল ১০টার ঢাকার কেরানীগঞ্জ থেকে অভিনেত্রী রাইমা ইসলাম শিমুর (৩৫) বস্তাবন্দী লাশ উদ্ধার করা করে পুলিশ। প্রথমে তার হত্যার দায় চাপানো হয়েছিলো তৎকালীন শিল্পী সমিতির সাধারণ

সম্পাদক জায়েদ খানের দিকে। পরী পুলিশ জানায়, পারিবারিক কলহের যেরে তিনি খুন হয়েছেন।

সূত্র: ইত্তেফাক

দর্শনা বন্দর পরিদর্শনে ভারতীয় সহকারী হাইকমিশনার মনোজ কুমার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট দিয়ে শিঘ্রই বাংলাদেশ ও ভারতের মধ্যে যাতায়াত ব্যবস্থা চালু করা হবে বলে জানিয়েছেন ভারতীয় সহকারী হাইকমিশনার বাংলাদেশে নিযুক্ত মনোজ কুমার।

তিনি দর্শনা আন্তজার্তিক চেকপোষ্টে পৌছালে তাকে ফুলেল শুভাচ্ছা জানান উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই নাইম শেখ ও দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম ও দর্শনা পৌর প্রবীন কমিটির সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মোশারফ হোসেন।

এসময় তিনি বলেন, ‘আমি দর্শনা স্থলবন্দর চেকপোস্টের সব কিছু পরিদর্শন করলাম। এখানে কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছি। সবার মতামত নিয়েছি। খুব শিঘ্রই এ বন্দর দিয়ে যাতায়াত চালুর জন্য ব্যবস্থা নেওয়া হবে।’ শনিবার দুপুর ১২ টার দিকে দর্শনা স্থলবন্দর চেকপোস্ট পরিদর্শন করেন মনোজ কুমার। এর পর দর্শনা বন্দরের ইমিগ্রেশন ও কাস্টম অফিস পরিদর্শন করেন তিনি। দর্শনা বন্দর পরিদর্শনের আগে কুষ্টিয়াতে ভারতীয় ভিসা সেন্টারের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন সহকারী হাইকমিশনার মনোজ কুমার।

এ ভিসা সেন্টারটি কুষ্টিয়া, পাবনা, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ এ অঞ্চলের মানুষের জন্য নির্মিত হচ্ছে। এ সেন্টারটি চালু হলে ভারতীয় ভিসার জন্য এ অঞ্চলের মানুষকে আর রাজশাহীতে যেতে হবে না বলেও জানান তিনি। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান

আলী মুনসুর বাবু জানান, হাইকমিশনার দর্শনা বন্দর দিয়ে দুদেশের মধ্যে যাতায়াত চালু করার কথা দিয়েছেন। এ জন্য তিনি পরিদর্শন করেছেন। বন্দর পরিদর্শন শেষে সহকারী হাইকমিশনার মেহেরপুরের উদ্দেশে রওনা দেন।

সহকারী হাইকমিশন মনোজ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন, তিনার সহধর্মিনী রোজী কুমার ও অফিসিয়াল কর্মকর্তা পাপন রায়। এ সময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, বিজিবির আইসিপি কমান্ডার আব্দুল জলিল, ইমিগ্রেশন ইনচার্জ এসআই নাঈম শেখ, কাস্টম কর্মকর্তা নাজমুল হক ও রাশেদুজ্জামান।

পরিদর্শন শেষে বৈধ পথে সহকারী হাই কমিশনার মনোজ কুমারসহ তিন সদস্যর একটি প্রতিনিধি দল দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারতে যান।এর ১ ঘন্টা পরে ভারত থেকে আবার দর্শনা চেকপোষ্ট দিয়ে ফিরে আসেন।

গেজেট আর স্বাধীনতা সড়কেই সীমাবদ্ধ মুজিবনগর স্থলবন্দর

১৯৯৬ থেকে ২০২২। মধ্যে চলে গেছে ২৭ বছর। এই ২৭ বছর বিভিন্ন বিভাগের চিঠি চালাচালি আর দুবার গেজেট প্রকাশেই মেহেরপুরের স্থলবন্দর কার্যক্রম সীমাবদ্ধ রয়েছে। ১৯৯৬ সালে মেহেরপুরের বুড়িপোতা এবং ২০২২ এ মুজিবনগর স্থলবন্দর হিসেবে গেজেট প্রকাশিত হয়।

মুজিবনগর স্থলবন্দরের গেজেট প্রকাশ হলেও অবকাঠামো নির্মাণ, জমি অধিগ্রহণ কোনটিই বাস্তবে রুপ পায়নি। ওপারে ভারতের পশ্চিমবঙ্গের নদীয় জেলার চাপড়া থানাধীন হৃদয়পুরেও স্থলবন্ধর বাস্তবায়নে তেমন কোন অগ্রগতি নেই বলে জানা গেছে।

মেহেরপুরের মুজিবনগরের ঐতিহাসিক স্বাধীনতা সড়কে মুজিবনগর স্থলবন্দর নির্মাণের গেজেট প্রকাশ করেছে এনবিআর। তার সময়ও ১০ মাস পেরিয়ে যাচ্ছে। এর আগে মুজিবনগর বিজিবি ক্যাম্প সংলগ্ন মোড় থেকে ভারতের শুণ্য রেখা পর্যন্ত ৫০৪ মিটার সড়ক নির্মান সম্পন্ন হয়েছে। যে সড়কের নামকরণ করা হয়েছে ‘স্বাধীনতা সড়ক’। এছাড়া স্থলবন্দর বাস্তবায়নের যে অবকাঠামো, জমি অধিগ্রহণ তার কোনটিই এখন পর্যন্ত আলোর মুখ দেখেনি।

স্বাধীনতা সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগরে বিভিন্ন সময়ে পরিদর্শনে আসেন সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী, সচিব, রাজনৈতিক শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দ। এসেছেন ভারতীয় হাইকমিশনের রাজশাহী অঞ্চলের দূতাবাস প্রধানও। প্রতিবারই সরকারের বিভিন্ন মন্ত্রী ও উর্ধতন কর্মকর্তারা স্থলবন্দর বাস্তবায়নের আশ্বাস দিয়ে যান।

সম্প্রতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন, অচিরেই স্থল বন্দরের সকল কাজ শুরু হবে বলে জানিয়েছেন। এনিয়ে নতুন করে স্থলবন্দর আলোচনায় আসে।

জানা গেছে, ২০১৪ সালের ২৯ মার্চ মেহেরপুর স্থলবন্দর বাস্তবায়ন আন্দোলন ফোরামের মুখপাত্র ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা কমিটির সদস্য এম এ এস ইমনের নেতৃত্বে মেহেরপুর শহরে চার কিলোমিটার দীর্ঘ মানববন্ধন করা হয়।

পরে ১২ এপ্রিল ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করা হয়। এছাড়াও স্থলবন্দর বাস্তবায়নের দাবিতে বিভিন্ন সময় আন্দোলন কর্মসূচী করতে দেখা গেছে।

জানা গেছে, ১৯৯৬ সালের এপ্রিলে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সম্ভাব্যতা যাচাই শেষে মেহেরপুরের বুড়িপোতায় স্থলবন্দর স্থাপনের সিদ্ধান্ত নেয়। পরে তা প্রজ্ঞাপন আকারে ২৮ জুলাই গেজেট প্রকাশ করা হয়।

এরপর ২০০১ সালে তৎকালীন খুলনা বিভাগীয় কমিশনার মেহেরপুরের বুড়িপোতায় স্থলবন্দর স্থাপনের যৌক্তিকতা তুলে ধরে ওই বছরের ১০ জুলাই মন্ত্রিপরিষদ বিভাগে একটি পত্র পাঠান। এরপর এনবিআর ও নৌপরিবহন মন্ত্রণালয়ের মধ্যে একাধিক চিঠি চালাচালি হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১১ সালের ১৭ এপ্রিল মেহেরপুরের মুজিবনগর কমপ্লেক্সে এসে স্থলবন্দর নির্মাণের প্রতিশ্রুতি দেন। পরের বছর নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব মফিদুল ইসলাম মুজিবনগর ও

বুড়িপোতা সীমান্ত এলাকা ঘুরে যান। তিনি এলাকা পরিদর্শন ও স্থলবন্দর স্থাপনে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন করে স্থলবন্দর স্থাপনের পক্ষে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে জমা দেন। প্রতিবেদনটি প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটির (নিকার) বৈঠকে অনুমোদন পায়।

২০২১ সালের মার্চে স্থলবন্দর হিসেবে যাতায়াতের লক্ষ্যে বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার সড়ক নির্মাণ করে এলজিইডি। যার নামকরণ করা স্বাধীনতা সড়ক। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালের ২৭ মার্চ স্বাধীনতা সড়কটি ঢাকা থেকে জুম মিটিংয়ের মাধ্যমে উদ্ধোধন করেন। এর পর ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি জাতাীয় রাজস্ব বোর্ড থেকে মুজিবনগর স্থলবন্দর নামে গেজেট প্রকাশ করে। এর পরে আর কোন অগ্রগতী দেখা যায়নি। ভ’মি অধিগ্রহণের জন্য কয়েকটি জমি পরিদর্শন করা হয়েছে। ইমিগ্রেশন চেক পোস্ট ভবনের সম্ভাব্য জমি পরিদর্শন করা হয়েছে। কিন্তু তা বাস্তবে রুপ দেয়নি।

স্থাণীয় কৃষক শরিফুল ইসলাম জানান, দুবছর ধরে শুনছি চেকপোস্ট হবে। কিন্তু হচ্ছে না। চেকপোস্টটা হলে ভারতের হৃদয়পুরে আত্মীয়স্বজন আছে তাদেরকে দেখতে যেতে পারতাম। অসুখ বিসুখ হলে দ্রুত কলকাতায় যেতে পারতাম।
মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক বলেন, মুজিবনগর স্থল বন্দরকে ঘিরে এলাকাবাসীর দীর্ঘদিনের স্বপ্ন বাস্তবায়ন হতে চলেছে। তাই দ্রুত এর বাস্তবায়ন দাবি করছি।

মেহেরপুর শিল্প ও বণিক সমিতির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল বলেন, স্থলবন্দরকে ঘিরে অর্থনৈতিক উন্নয়নের স্বপ্ন দেখছে মেহেরপুরবাসী। অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি দুই দেশের মানুষের মেলবন্ধনও তৈরি হবে। কিন্তু প্রায় একবছর আগে গেজেট প্রকাশ হলেও দৃশ্যমান কোন উন্নয়ন এখনো দেখা যাচ্ছে না। সরকারের কাছে দাবী দ্রুত স্থলবন্দর বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা।

মেহেরপুর স্থলবন্দর বাস্তবায়ন আন্দোলন ফোরামের মুখপাত্র ও কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা কমিটির সদস্য এম এ এস ইমন বলেন, স্থলবন্দরের অগ্রগতী গেজেট প্রকাশেই সীমাবদ্ধ রয়েছে। স্থলবন্দর মেহেরপুরবাসীর দীর্ঘদিনের আকাঙ্খা। আমরা দীর্ঘদিন ধরে স্থলবন্দর বাস্তবায়নের জন্য আন্দোলন করে আসছি। মেহেরপুরের সকল শ্রেণী পেশার মানুষ আমাদের সেই আন্দোলনে একাত্মতা ঘোষনা

করেছেন। কিন্তু মেহেরপুরের কিছু শীর্ষ নেতা স্থলবন্দর নিয়ে আগ্রহ না দেখানোর কারণে এটা সেই সময়ে হয়েছিলো না। পরবর্তিতে ২০১১ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিবনগরে এসে স্থলবন্দর বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন। এর পরে চলতি বছরে স্থলবন্দর নিয়ে গেজেট প্রকাশ হয়েছে। কিন্তু অগ্রগতি নেই। এটার জন্য আমাদের আবারও আন্দোলনে নামতে হবে।

মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, গেজেট প্রকাশের পর অফিসিয়ালি কোন অগ্রগতি হচ্ছে কিনা সেটা আমার জানা নেই। তবে যতটুকু জানি মন্ত্রণালয়ের কেন্দ্রীয়ভাবে কাজ চলছে। প্রশাসনিক ভাবে আমাদের কাছে কোন তথ্য আসলে জানতে পারবো।

তবে এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনকে ফোন করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মুজিবনগর বৈদ্যনাথতলা স্থলবন্দর: এ স্থলবন্দরের রুট হলো স্বাধীনতা সড়ক (মেহেরপুর-মুজিবনগর-চাপড়া-কৃষ্ণনগর সড়ক) সড়কপথ। এ বন্দর দিয়ে পণ্য আমদানি করা যাবে, সেগুলো হলো- মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code ০৭০১.৯০.১৯ ও ০৭০১.৯০.২৯) ছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৪/ডি/কাস/৭২, তারিখ : ২৯-০৪-৭২ এর টেবিলের পার্ট-ঠও এর অধীনে সুনির্দিষ্টকৃত ওজনের মালামাল এবং প্যাসেঞ্জার ব্যাগেজ (Passengers baggages)।

বিএনপির সংসদ সদস্য হারুন পদত্যাগ করবেন আজ

সংসদ সদস্য পদ থেকে বৃহস্পতিবার (২২ ডিসেম্বর) পদত্যাগ করবেন বিএনপি থেকে নির্বাচিত চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য হারুনুর রশীদ। বেলা ১১টায় জাতীয় সংসদের স্পিকারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার কথা রয়েছে তার।

বিষয়টি বিএনপির প্রেস উইং সদস্য শামসুদ্দিন দিদার নিশ্চিত

করেছেন।

চলতি একাদশ জাতীয় সংসদে বিএনপির সাতজন সংসদ সদস্য ছিলেন। ১০ ডিসেম্বর ঢাকায় বিএনপির বিভাগীয় জনসভা থেকে তারা পদত্যাগের ঘোষণা দেন। গত ১১ ডিসেম্বর বিএনপির ৬ সংসদ সদস্য পদত্যাগ করেন। এরইমধ্যে সংরক্ষিত নারী আসন ছাড়া অন্য ৫টিতে উপনির্বাচনের তারিখও ঘোষণা করা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ওই সময় হারুনুর রশীদ বিদেশে থাকার কারণে পদত্যাগপত্র জমা দিতে পারেননি।

সূত্র: ইত্তেফাক